



MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road
P.O:- MANBAZAR * DIST:- PURULIA * Pin-723131(West Bengal)
Phone & Fax No: (03253) 255632
Email:mb_college@rediffmail.com

Ref.No.

Date: 18/07/2024

নোটিস

মানভূম মহাবিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে এতদ্বারা জানানো হচ্ছে যে অর্থনৈতিকভাবে অধিকতর সঙ্কটাপন্ন পরিবার থেকে আসা ছাত্রছাত্রীদের জন্য কলেজ থেকে হাফ-ফ্রিশিপ এবং ফুল-ফ্রিশিপের সংস্থান আছে। কলেজের বর্তমান মোট ছাত্রছাত্রী সংখ্যার সর্বাধিক দশ শতাংশ ছাত্রছাত্রীকে এই সুবিধা দেওয়া হবে। আবেদনের ভিত্তিতে কলেজ কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের এই সুবিধা দেওয়ার জন্য নির্বাচন করবে। হাফ-ফ্রিশিপের ক্ষেত্রে টুইশন ফি-এর অর্ধেক এবং ফুল ফ্রি-শিপের ক্ষেত্রে টুইশন ফি-এর পুরোটাই মকুব করা হয়।

আবেদনের পদ্ধতি

- এই সুবিধা অর্জনের জন্য “অধ্যক্ষ, মানভূম মহাবিদ্যালয়”-এর প্রতি লিখিত আবেদন করতে হবে এবং সেই আবেদনে জানাতে হবে যে সেই ছাত্র/ছাত্রী হাফ-ফ্রিশিপ নাকি ফুল-ফ্রিশিপের জন্য আবেদন করছে। এছাড়া জানাতে হবে আবেদনকারী ছাত্র/ছাত্রী বর্তমানে কোন সেমিস্টারে কোন কোর্সে (এবং কোন সাবজেক্ট নিয়ে) পড়ছে, এবং তার কলেজের রোল নাম্বার।
- এই আবেদন পত্র কলেজের ছাত্র সংসদ ভবনে জমা দিতে হবে – ২৩ জুলাই ২০২৪ মঙ্গলবার থেকে ৩১ জুলাই ২০২৪ বুধবার পর্যন্ত আবেদন পত্র গৃহীত হবে – প্রতিদিন দুপুর ১২টা থেকে বিকেল ৩টে অবধি।
- এই আবেদন পত্রের সঙ্গে সংশ্লিষ্ট করতে হবে দু’টি ডকুমেন্ট –
 - পরিবারের আয়ের শংসাপত্র – এই শংসাপত্র ছাত্র/ছাত্রীকে প্রদান করবেন স্থানীয় গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি, বা পঞ্চায়েত সমিতির নির্বাচিত প্রতিনিধি, বা জেলা পরিষদের নির্বাচিত প্রতিনিধি, বা বিধায়ক, বা সাংসদ।
 - কলেজে জমা দেওয়া সর্বশেষ টুইশন ফি-এর রসিদের স্পষ্ট ফোটোকপি – এটা সেলফ-অ্যাটেস্টেড হতে হবে।

Tarun K. Ghosh

ড. তরুণ কুমার ঘোষ

অধ্যক্ষ, মানভূম মহাবিদ্যালয়

Principal
Manbhumi Mahavidyalaya
Manbazar, Purulia

